

টিসিবি'র ইতিহাসঃ

১৯৭১ সালে মুক্তিযুদ্ধের পর বাংলাদেশের বিপর্যস্ত অর্থনীতি ও বিচ্ছিন্ন যোগাযোগ ব্যবস্থা, অবিন্যস্ত বন্দর ইত্যাদির প্রেক্ষাপটে পর্যাপ্ত নিত্যপ্রয়োজনীয় ভোগ্যপণ্য ও শিল্পের কাঁচামাল জরুরি ভিত্তিতে জোগান দেয়া এবং ন্যায্যমূল্যে ভোগ্যপণ্য জনগণকে সরবরাহ নিশ্চিত করার লক্ষ্যে ১৯৭২ সালে বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতির ৬৮ নং অধ্যাদেশের মাধ্যমে ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ (টিসিবি) এর প্রতিষ্ঠা হয়। প্রতিষ্ঠালগ্ন হতে টিসিবি শিল্পের কাঁচামালসহ নিত্যপ্রয়োজনীয় পণ্য আমদানি ও পাট, তৈরী পোশাক প্রভৃতি পণ্য রপ্তানির মাধ্যমে ব্যবসা-বাণিজ্যের পথিকৃৎ হিসেবে কাজ করেছে। এ প্রেক্ষিতে ১৯৭২-৭৩ সাল থেকে টিসিবি দেশে রপ্তানি বাণিজ্য প্রসারে উদ্যোগ গ্রহণ করে এবং **Special Trading Agreement (STA), Counter Trading Agreement (CTA)** এর আওতায় বাংলাদেশ সরকারের পক্ষে একমাত্র মনোনীত সরকারি সংস্থা হিসেবে টিসিবি বেশ কতগুলো পণ্য বিনিময় চুক্তি সম্পাদন ও বাস্তবায়ন করে। এছাড়াও আন্তর্জাতিক বাণিজ্য পরিচালনার জন্য দেশের বাইরে জেদ্দা, দুবাই, কোপেনহেগেন এবং মিলানে ০৪ (চার) টি কার্যালয় খোলা হয়েছিল। প্রতিষ্ঠাকালীন ৪৩১ জন জনবল নিয়ে টিসিবি আনুষ্ঠানিকভাবে কার্যক্রম শুরু করে। বর্তমানে টিসিবি'র অনুমোদিত মোট জনবল ২৭৫ জন। প্রধান কার্যালয়সহ মোট ১৪টি (ঢাকা, চট্টগ্রাম, খুলনা, রাজশাহীতে, বরিশাল, রংপুর, মৌলভীবাজার, ময়মনসিংহ, কুমিল্লা, ঝিনাইদহ, বগুড়া, মাদারীপুর, দিনাজপুর ও গাজীপুর) আঞ্চলিক অফিসের মাধ্যমে টিসিবি'র বর্তমান কার্যক্রম পরিচালিত হচ্ছে। মার্চ ২০২২ সাল থেকে দেশের নিম্ন আয়ের ০১ কোটি ফ্যামিলি কার্ডধারীর নিকট টিসিবি'র পণ্য (জনপ্রতি ২ লিটার তেল, ২ কেজি ডাল ও ১ কেজি চিনি) বিক্রয় কার্যক্রম চলমান রয়েছে। টিসিবি'র কার্যক্রমকে যুগোপযোগী করার লক্ষ্যে ফ্যামিলি কার্ডকে স্মার্ট ফ্যামিলি কার্ডে রূপান্তরের কার্যক্রম চলমান রয়েছে।